**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, শিক্ষার্থীদের উন্নত মানের শিক্ষা প্রদান করাই জাতীয় শিক্ষানীতি ২০২০ এর মূল লক্ষ্য্য।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, চলতি অর্থবছরে রাজ্যের গ্রামীণ এলাকায় ৪৩ হাজার ৬১০টি পরিবারকে পানীয় জলের সংযোগের আওতায় আনা হয়েছে।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, দেশ সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে এক নবজাগরণের মধ্য দিয়ে এগোচ্ছে এবং অযোধ্যার শ্রী রাম জন্মভূমি মন্দির তারই প্রতীক।**

**(৪) প্রবল ঝড়ো হাওয়া ও শিলাবৃষ্টির কারণে ঊনকোটি জেলার পেঁচারথল ব্লকের অধীন বিভিন্ন এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।**

********************************************

**NEP 2020 :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, শিক্ষার্থীদের উন্নত মানের শিক্ষা প্রদান করাই জাতীয় শিক্ষানীতি ২০২০ এর মূল লক্ষ্য্য। তার জন্য শিক্ষকদের শিক্ষা প্রদানের ক্ষেত্রে আরও দক্ষ, উদ্যমী ও পেশাগতভাবে প্রশিক্ষিত হওয়া প্রয়োজন। জাতীয় শিক্ষক শিক্ষা পরিষদের উদ্যোগে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে 'জাতীয় শিক্ষানীতি ২০২০ বাস্তবায়নের অগ্রযাত্রা' শীর্ষক একদিনের রাজ্যস্তরীয় কর্মশালায় তিনি একথা বলেন। তিনি বলেন, শিক্ষকদের আধুনিক শিক্ষা ব্যবস্থা উপর আরো বেশি দক্ষতা অর্জন করতে হবে। জাতীয় শিক্ষানীতির মাধ্যমে একটি সমতা ভিত্তিক ও কার্যকর শিক্ষা ব্যবস্থার গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে, যা শিক্ষার্থীদের শেখার মান উন্নত করবে। অনুষ্ঠানে ভিডিও বার্তায় বক্তব্য রাখেন কেন্দ্রীয়

শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী, কে.বি.এস এর কমিশনার বিকাশ গুপ্ত, এন.সি.টি.ই এর চেয়ারম্যান পঙ্কজ অরোরা। স্বাগত ভাষণ রাখেন আইএএসই এর অধ্যক্ষ ড. রত্না রায়। এই কর্মশালায় অরুণাচল প্রদেশ, মনিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, ত্রিপুরার প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

*************************

**Assembly-Drinking water :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, চলতি অর্থবছরে রাজ্যের গ্রামীণ এলাকায় ৪৩ হাজার ৬১০টি পরিবারকে পানীয় জলের সংযোগের আওতায় আনা হয়েছে। বিধায়ক রঞ্জিত দেব্বর্মার এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বিধানসভায় এতথ্য জানান। বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরীর এক প্রশ্নের উত্তরে তিনি জানান, জল জীবন মিশন ও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে চলতি বছরের ফেব্রুয়ারী মাস পর্যন্ত রাজ্যে ৪ হাজার ৩৪৬টি ডিপ টিউবওয়েল, ১০ হাজার ২০০টি সেলো টিউবওয়েল এবং মোটর চালিত অন্যান্য জল উত্তোলক প্রকল্প তথা ৫৩৯টি উদ্ভাবনী প্রকল্প এবং ৫৮টি ভু-পৃষ্ঠস্থ জলের ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করা হয়েছে। মুখ্যমন্ত্রী আরো বলেন, আসন্ন শুখা মরসুমে জলের সংকট দূর করতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**************************

**Assembly-ICA :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তর রাজ্যের প্রতিটি জনগোষ্ঠীর সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ, পরিচর্যা ও বিকাশে ধারাবাহিকভাবে উদ্যোগ নিচ্ছে। আজ রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরীর এক প্রশ্নের উত্তরে তিনি একথা জানান। মুখ্যমন্ত্রী আরো জানান, রাজ্যের উন্নত মিশ্র সংস্কৃতির পরিচর্যা, সংরক্ষণ এবং ক্রমাগত উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে

রাজ্য সরকার বহুমুখী উদ্যোগ গ্রহণ করেছে। লুপ্তপ্রায় সাংস্কৃতিক চর্চা পুনরুজ্জীবনের উদ্যোগ, লোক সংস্কৃতির প্রসার, আধুনিকতার মিশ্রণ, বহিরাজ্যের সাথে অধিক মাত্রায় সাংস্কৃতিক বিনিময়, ত্রিপুরা ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইন্সটিটিউট স্থাপন ইত্যাদি রাজ্যের সাংস্কৃতিক বিকাশে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। তিনি বলেন, প্রতি অর্থবছরে মহকুমা, জেলা এবং রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সাথে আলোচনাচক্রমে সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্রকে গুরুত্ব দিয়ে বার্ষিক সাংস্কৃতিক ক্যালেন্ডার তৈরি করা হয় এবং ক্যালেন্ডার অনুযায়ী অনুষ্ঠান আয়োজন করা হয়।

****************************

**Candidate-Dharmanagar :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য বিজেপি ও কংগ্রেসের পক্ষ থেকে আজ প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছে। এই কেন্দ্রে বিজেপি প্রার্থী হিসাবে জহর চক্রবর্তী ও জাতীয় কংগ্রেসের প্রার্থী হিসাবে চয়ন ভট্টাচার্য-কে মনোনীত করা হয়েছে।

****************************

**Nomination :**

ধর্মনগরের বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সি.পি.আই(এম) প্রার্থী অমিতাভ দত্ত আজ মনোনয়নপত্র জমা দিয়েছেন। তিনি ধর্মনগরের মহকুমা শাসক তথা রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরীর কাছে মনোয়নপত্র দাখিল করেন।

****************************

**Assembly-Amrit Bharat :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, অমৃত ভারত প্রকল্পের অধীনে আগরতলা, কুমারঘাট ও ধর্মনগর রেল স্টেশনগুলিতে আধুনিকীকরণের কাজ চলছে। আজ বিধানসভায় বিধায়ক শৈলেন্দ্র চন্দ্র নাথের এক প্রশ্নের

উত্তরে তিনি একথা জানান। তিনি জানান, ধর্মনগর ও কুমারঘাট স্টেশনগুলির নতুন ওয়েটিং এরিয়া, পিপি শেড নির্মাণ, ফুট ওভার ব্রিজ, দিব্যাঙ্গজনদের টিকিট বুথ নির্মাণ সম্পন্ন হয়েছে।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**President-UP :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, দেশ সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে এক নবজাগরণের মধ্য দিয়ে এগোচ্ছে এবং অযোধ্যার শ্রী রাম জন্মভূমি মন্দির তারই প্রতীক। উত্তর প্রদেশে তিন দিনের সফরে তিনি আজ সকালে রামমন্দিরে ‘শ্রী রাম যন্ত্র স্থাপনা’ অনুষ্ঠানে যোগ দিয়ে একথা বলেন। তিনি বলেন, আমরা দেশ ও ভগবান রামের জন্য একইভাবে প্রার্থনা করি; তাই সকলেরই উচিত দেশকে আরও উন্নতির শিখরে পৌঁছে দেওয়ার দৃঢ় সংকল্প গ্রহণ করা। অনুষ্ঠানে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেন, আজকের ভারত শুধু নতুন নয়, পরিবর্তনশীলও। তিনি

জানান, গত এক বছরে প্রায় ১৫৮ কোটি ভক্ত উত্তরপ্রদেশের বিভিন্ন মন্দির পরিদর্শন করেছেন এবং নতুন প্রজন্মের মধ্যে ধর্মীয় স্থানে যাওয়ার আগ্রহ অনেক বেড়েছে। এদিনের অনুষ্ঠানে রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু রাম মন্দির নির্মাণে যুক্ত কর্মীদের সংবর্ধনা জানান।

***********************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

***********************

**Assembly-Light House :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, আগরতলার গোলচক্কর এলাকায় লাইট হাউস নির্মাণে প্রথম টাওয়ারটির কাজ চলতি বছরের জুন মাস নাগাদ শেষ হবে। আজ বিধানসভায় বিধায়ক সুদীপ সরকারের এক প্রশ্নের উত্তরে তিনি একথা জানান। মুখ্যমন্ত্রী বলেন বাকি ৬টি টাওয়ারের কাজ পর্যায়ক্রমে শেষ করা হবে। লাইট হাউস প্রজেক্টে মোট ১ হাজার পরিবারের থাকার ব্যবস্থা করা হয়েছে বলেও জানান মুখ্যমন্ত্রী।

*****************************

**Assembly End :**

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আগামী ২৫শে মার্চের পরিবর্তে ২৩শে মার্চ শেষ হবে। গতকাল বিধানসভায় বি.এ.সি'র বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ এখবর জানিয়েছেন।

***********************

**Hillstrom/Pacherthal :**

প্রবল ঝড়ো হাওয়া ও শিলাবৃষ্টির কারণে ঊনকোটি জেলার পেঁচারথল ব্লকের অধীন বিভিন্ন এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। গতকাল সন্ধ্যা রাতে সংশ্লিষ্ট ব্লকের অন্তর্গত রামগুণাপাড়া, নারায়ণপুর, দক্ষিণ ধনীছড়া, শচীন্দ্রনগর এলাকায় প্রাকৃতিক দুর্যোগে অনেক বাড়ীঘর ও ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। দুর্গত মানুষের জন্য স্কুল, অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং উপ-স্বাস্থ্যকেন্দ্র মিলিয়ে মোট তেরোটি ত্রাণ শিবির খোলা হয়। বর্তমানে পাঁচটি শিবিরে প্রায় চার শতাধিক পরিবারের লোকজন রয়েছেন। মহকুমা শাসক এন.এস.চাকমা জানান, আজ থেকে ক্ষয়ক্ষতি নিরূপণের কাজ শুরু হয়েছে। ঊনকোটি জেলার জেলা শাসক তমাল মজুমদার জানান, ত্রাণ শিবিরে আশ্রিতদের সরকারী নিয়ম অনুসারে সহযোগিতা করা হচ্ছে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় ঘন্টায় ৪০-৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াস।

****************************